

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৭৮  
বিশালগড়, ১৭ জানুয়ারি, ২০২৫

**সিপাহীজলা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত**  
বিশামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা আজ অনুষ্ঠিত হয়। এর উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। উদ্বোধকের ভাষণে তিনি লেখাপড়ার পাশাপাশি রাজ্যের ঐতিহ্যবাহী কৃষি সংস্কৃতিকে রক্ষা করার জন্য ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন মোহনভোগ বিএস'র চেয়ারম্যান বৈশাল্য দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী কানুরঞ্জন দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলা জনজাতি কল্যাণ আধিকারিক প্রসেনজিৎ ব্যানার্জি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক রিস্কু লাথের। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জম্পুইজলা মহকুমা বোর্ডিং হাউস কমিটির চেয়ারম্যান নির্মল দেববর্মা।

\*\*\*\*\*